

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫২৫

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, আমাদের উল্লেখিত আবূ কিলাবার হাদীসটি ক্রটিযুক্ত

ذكر خبر قد يوهم غير المبتحر فِي صِنَاعَةِ الْحَدِيثِ أَنَّ خَبَرَ أَبِي قِلَابَةَ الَّذِي ذَكَرْنَاهُ مَعْلُولٌ

আরবী

3525 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ قَالَ: أَخْبَرَنَا عَاصِمٌ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَبِي الْأَشْعَثِ عَنْ أَبِي أَسْمَاءَ الرَّحَبِيِّ: عَنْ شَدَّادِ قَالَ: أَخْبَرَنَا عَاصِمٌ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَبِي الْأَشْعَثِ عَنْ أَبِي أَسْمَاءَ الرَّحَبِيِّ: عَنْ شَدَّادِ بُنِ أَوْسٍ قَالَ: بَيْنَمَا أَنَا أَمْشِي مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي ثَمَانِ عَشْرَةَ خَلَتْ مِنْ رَمَضَانَ إِذْ حَانَتْ مِنْهُ الْتِفَاتَةُ فَأَبْصَرَ رَجُلًا يَحْتَجِمُ فَقَالَ صلى الله عليه وسلم: (أفطر الحاجم والمحجوم)

الراوي: شَدَّاد بْن أَوْسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3525 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (2051).

قَالَ أَبُو حَاتِم رضي الله عنه: سَمِعَ هَذَا الْخَبَرَ أَبُو قِلَابَةَ عَنْ أَبِي أَسْمَاءَ عَنْ ثَوْبَانَ وَسَمِعَهُ عَنْ أَبِي الْأَشْعَثِ عَنْ أَبِي أَسْمَاءَ عَنْ شَدَّادِ بْنِ أَوْسٍ وَهُمَا طَرِيقَانِ مَحْفُوظَانِ. وَقَدْ جَمَعَ شَيْبَانُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بَيْنَ الْإِسْنَادَيْنِ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَبِي أَسْمَاءَ عَنْ شَدَّادِ بْنِ أَوْسٍ. عَنْ أَبِي الْأَشْعَثِ عَنْ أَبِي أَسْمَاءَ عَنْ شَدَّادِ بْنِ أَوْسٍ.

বাংলা

৩৫২৫. শাদ্দাদ বিন আওস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে রমযানের ১৮ তারিখে হাঁটছিলাম। অতঃপর আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তির দিকে লক্ষ্য করেন, যে রক্ত মোক্ষম করছিল। তখন তিনি বলেন, "যে রক্তমোক্ষম করছে আর যাকে



রক্তমোক্ষম করে দিচ্ছে উভয়ের সিয়াম ভঙ্গ হয়ে গেছে।"[1]

আবূ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসটি আবূ কিলাবাহ রহিমাহুল্লাহ আবূ আসমা থেকে, তিনি সাওবান থেকে হাদীসটি শ্রবণ করেছেন এবং তিনি হাদীসটি আবুল আশআস থেকে, তিনি আবূ আসমা থেকে, তিনি শাদ্দাদ বিন আওস থেকেও হাদীসটি শ্রবণ করেছেন। আর দুটি সানাদই সহীহ।

শাইবান বিন আব্দুর রহমান দুটি সানাদের মাঝেই সন্নিবেশ ঘটিয়েছেন। তিনি ইয়াহইয়া বিন আবূ কাসীর থেকে, তিনি আবূ কিলাবাহ থেকে, তিনি আবূ আসমা থেকে, তিনি সাওবান ও আবুল আশআস থেকে, তারা আবু আসমা থেকে, তিনি শাদ্দাদ থেকে হাদীসটি বর্ণনা করেছেন।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১২৪; দারেমী: ২/১৪; তাবারানী: ৭১৫১; সুনান বাইহাকী: ৪/২৬৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৫১৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৪৯-৫০; আবূ দাউদ: ২৩৬৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ শাদ্দাদ ইবনু আওস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন